

বাওয়ালিদের গল্প

লেখকচর -১(৯.৬.২০)




আমাদের জন্মভূমি (যে ভূমি বা দেশে একজন জন্মায়) বাংলাদেশ। বাংলাদেশের প্রায় পুরোটাই সমতলভূমি (তল সমান যে ভূমির)। আমরা জানি ভূমি অর্থ জমি/ মাটি। বাংলাদেশে রয়েছে অপরূপ প্রাকৃতিক নিদর্শন সুন্দরবন। ধারণা করা হয় সুন্দরী গাছ এই বনে বেশি বলে এর নামকরণ হয়েছে সুন্দরবন।

সুন্দরবনের অবস্থান:

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম কোণে, বঙ্গোপসাগরের তীরে সুন্দরবন অবস্থিত।

জেলা: সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট জেলার অংশবিশেষ জুড়ে সুন্দরবন বিস্তৃত।

পশুপাখি: সুন্দরবনে বাঘ, হরিণ, বনবিড়াল, বুনো শুয়োর, সজারু, বানর, সাপ, কুমির, হাঙ্গর এবং প্রায় ৩২০ প্রজাতির পাখি (চিল, ঈগল, সারস, হারগিলা, শকুন, গাঙচিল, মুনিয়া, শালিক, বুলবুলি ইত্যাদি) বাস করে।



Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject:

Topic: বাওয়ালিদের গল্প

		
বনবিড়াল	কুমির	বুনোশুয়ার
		
হাঙ্গর	সাপ	ঈগল

*** এই বনে আছে অনেক ভয়ঙ্কর প্রাণী। যেমন-বাঘ।
 বাঘ মাংসাশী (মাংসই তার প্রধান খাদ্য) প্রাণী। সে অন্য
 প্রাণী খেয়ে বাঁচে। যেমন: হরিণ, বুনো শুয়ার, বানর
 ইত্যাদি। বাঘ মানুষকেও আক্রমণ করে। তাই সুন্দরবনে
 বাঘই মানুষের সবচেয়ে ভয়ের বিষয়।



গাছপালা: সুন্দরবনে বিভিন্ন ধরনের হাজার হাজার গাছ। যেমন: সুন্দরী, গরান, কেওড়া, গেওয়া, ধুন্দল, বাইন, গোলপাতা ইত্যাদি গাছ জন্মায়। এই সব গাছ উপকূলীয় এলাকার জন্য প্রাকৃতিক ঢাল হিসেবে কাজ করে। তাই ১৯৮৯ সালে সরকার সুন্দরবন থেকে কাঠ আহরণ নিষিদ্ধ করেছে। এই বনের কোনো কোনো জায়গায় গাছপালা এত ঘন যে সূর্যের আলো মাটিতে পৌঁছায় না। এ বনের সব গাছই বঙ্গোপসাগরের নোনা পানিতে বেঁচে থাকে।


সুন্দরী					
---------	---	---	---	---	---

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject:

Topic: বাওয়ালিদের গল্প



লোকালয়: সুন্দরবনের তিন পাশে ছড়িয়ে আছে অনেক গ্রাম, সেখানেই মানুষের বসবাস।

জীবিকা: সুন্দরবনের পাশের গ্রামের মানুষ কৃষিকাজ (চাষাবাদ) করেন। তবে বেশিরভাগ মানুষ মাছ ধরে, কাঠ কেটে সংগ্রহ করে এবং গোলপাতা ও মধু সংগ্রহ করে (সংগ্রহ করা= আহরণ) জীবিকা নির্বাহ করে।

বিখ্যাত: বিখ্যাত রয়েল বেঙ্গল টাইগার এই সুন্দরবনেই বাস করে।

বিশ্ব পরিচিতি: এটি পৃথিবীর সবচেয়ে বৃহৎ বা বড় ম্যানগ্রোভ বন।

মৌয়াল: মৌমাছির গাছে গাছে তাদের মৌচাক বানায়। যারা মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের মৌয়াল বলা হয়। মৌয়ালরা সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ আয় করেন।



মাছিয়ুক্ত মৌচাক



মৌয়াল ঝুড়িতে মধু নিচ্ছে

প্রদত্ত শব্দ	শব্দার্থ
জন্মভূমি	যে ভূমি বা দেশে একজন জন্মায়
সমতলভূমি	তল সমান যে ভূমির
কৃষিকাজ	চাষাবাদ
চাষাবাদ	কৃষিকাজ
সংগ্রহ করা	আহরণ
পরিশ্রম	খাটাখাটুনির কাজ
হিংস্র	প্রাণহারক
মাংসাশী	মাংসই যার প্রধান খাদ্য
সতর্ক	সাবধান
লবনাক্ত	লবন মেশানো

*** শিক্ষার্থীবৃন্দ উপরের আলোচনা সহ পাঠ্যবই থেকে গল্পটি ভালোভাবে পড়বেন।